

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সংস্থাপন শাখা
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
<https://dgfood.gov.bd>

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৩১.১১.০০০১.২৫.৩৫৬

তারিখ: ১ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১৪ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: খাদ্য অধিদপ্তরের ২৫ (পঁচিশ) ক্যাটাগরির পদের মধ্যে ১৪ ক্যাটাগরির পদে নিয়োগকৃত প্রার্থীদের স্বাস্থ্য ও মাদকাসক্তি (Dope Test) পরীক্ষা সম্পন্নপূর্বক স্বাস্থ্য সনদ প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খাদ্য অধিদপ্তরের ২৫ (পঁচিশ) ক্যাটাগরির ১৭৯১টি শূন্যপদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হয়। উক্ত নিয়োগ নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে ১৪ ক্যাটাগরির পদে নির্বাচিত মোট ১২৬ জন প্রার্থীর প্রাক চাকুরি বৃত্তান্ত ফরম যাচাই/পুলিশ প্রতিবেদন সম্পন্ন হয়েছে এবং “প্রার্থীগণকে স্বাস্থ্য ও মাদকাসক্তি (Dope Test) পরীক্ষার প্রতিবেদন দাখিল করতে হবে” মর্মে শর্ত সাপেক্ষে গত ০২.০২.২০২৬ খ্রি. তারিখে খাদ্য অধিদপ্তর কর্তৃক চূড়ান্তভাবে নিয়োগ প্রদান করা হয়েছে।

চূড়ান্তভাবে নিয়োগ প্রাপ্ত মোট ১২৬ জন প্রার্থী স্বাস্থ্য ও মাদকাসক্তি (Dope Test) পরীক্ষার জন্য নিম্নবর্ণিত টেস্টসমূহ (প্রার্থীর নিজস্ব খরচে) বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা/ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরি এন্ড রেফারেল সেন্টার, শেরে বাংলা নগর, ঢাকা/জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা অথবা যে কোন সরকারি হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হতে সম্পন্ন করবেন:

(১) Blood Test:

- (১) CBC
- (২) RBS
- (৩) Hbs Ag
- (৪) Urine R/M/E
- (৫) S. Creatinine

(২) Urine for DA health screening profiled (DOPE Test):

১. Ethyl Alcohol
২. Amphetamines
৩. Opiate
৪. Cannabinoid
৫. Benzodiazepines

(৩) X-ray chest P/A view:

১. X-ray chest P/A view

(৪) চক্ষু পরীক্ষার সার্টিফিকেট: (কালার ব্লাইন্ড কিনা তা উল্লেখসহ) যে কোন সরকারি হাসপাতাল/জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট, ঢাকা হতে।

নির্দেশাবলী:

- (১) সকল টেস্টের খরচ প্রার্থী নিজে বহন করবেন;
- (২) টেস্টসমূহ অতি সাম্প্রতিক হতে হবে (স্বাস্থ্য পরীক্ষা ও মাদকাসক্তি (Dope Test) পরীক্ষার ক্ষেত্রে সর্বোচ্চ ০১ (এক) সপ্তাহ);
- (৩) বর্ণিত টেস্টসমূহের সকল প্যারামিটারসহ পূর্ণাঙ্গ মূল রিপোর্ট এর ফটোকপি এবং জমাকৃত চালানের মূল কপি সিভিল সার্জন, ঢাকা বরাবর জমা দিতে হবে;


(৪) সিভিল সার্জন কার্যালয়, ঢাকায় উপস্থিত হওয়ার সময় প্রার্থীকে প্রবেশপত্র সঙ্গে আনতে হবে।

উল্লেখ্য, স্বাস্থ্য সনদ গ্রহণের নিমিত্ত প্রার্থী কর্তৃক সিভিল সার্জন, ঢাকা বরাবর ১০০/- (একশত) টাকা চালানোর মাধ্যমে (চালান কোড-১-২৭১১-০০০০-২৬৮১) সরকারি কোষাগারে জমা প্রদান করবেন। সংশ্লিষ্ট প্রার্থী স্বাস্থ্য সনদ গ্রহণের নিমিত্ত উপরোক্ত স্বাস্থ্য ও মাদকাসক্তি (Dope Test) পরীক্ষার রিপোর্টসূহ সংযুক্তপূর্বক চালানোর কপিসহ আবেদনপত্র সিভিল সার্জন কার্যালয়, ঢাকা বরাবর দাখিল করবেন।

এমতাবস্থায়, খাদ্য অধিদপ্তরের ২৫ (পঁচিশ) ক্যাটাগরির পদের মধ্যে ১৪ ক্যাটাগরির পদে নিয়োগকৃত ১২৬ জন প্রার্থীর নামের তালিকা (কপি সংযুক্ত) এতদসঙ্গে প্রেরণ করা হলো এবং সংশ্লিষ্ট প্রার্থীগণের স্বাস্থ্য ও মাদকাসক্তি (Dope Test) পরীক্ষা সম্পন্নপূর্বক স্বাস্থ্য সনদ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

সংযুক্ত : ০৬ (ছয়) পাতা।



১৪-০৪-২০২৬

অনির্বান ভদ্র

উপপরিচালক

ফোন : +৮৮-০২-৪১০৫০৭২৩

ইমেইল : dd.est@dgfood.gov.bd

সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়, সিভিল সার্জনের কার্যালয়, ঢাকা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৩১.১১.০০০১.২৫.৩৫৬/১ (১৩)

তারিখ: ১ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১৪ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর।
- ২। অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
- ৩। পরিচালক, প্রশাসন/সববি/চসসা/হিসাব ও অর্থ/সংগ্রহ/পউকা/প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়।
- ৫। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ।
- ৬। অতিরিক্ত পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর।
- ৭। সাইলো অধীক্ষক (সকল)।
- ৮। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
- ৯। প্রধান মিলার, প্রধান মিলার এর দপ্তর, পোস্টগোলা সরকারি আধুনিক ময়দা মিল, ঢাকা।
- ১০। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর।
- ১১। জেখানি (সকল)।
- ১২। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (সকল) এবং
- ১৩। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।



APR 2026

১৪-০৪-২০২৬
অনির্বাণ ভদ্র
উপপরিচালক